



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ

০৯/১১/১৪২৪ বঙ্গাব্দ
২১/০২/২০১৮ খ্রিস্টাব্দ

অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে বরিশাল বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনারে উপাচার্যের শুদ্ধাঞ্জলি নিবেদন

অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৮ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্যিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। এ সময় ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসানসহ বিশ্ববিদ্যালয়ের ডিন, রেজিস্ট্রার, প্রেস্টের, প্রভোস্ট, পরিচালক, শিক্ষক সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। সকাল ৯ ঘটিকায় মাননীয় উপাচার্য মহোদয়ের নেতৃত্বে ভাষা শহীদদের স্মরণে আয়োজিত শোক র্যালিটি প্রশাসনিক ভবন-২ এর সামনে থেকে ভোলা-বরিশাল মহাসড়ক হয়ে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনারে এসে শেষ হয়। র্যালীতে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ, রেজিস্ট্রার, প্রেস্টের, বিভাগীয় প্রধানগণ, প্রভোস্টবৃন্দ, পরিচালকবৃন্দ, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থীবৃন্দ, শিক্ষক সমিতি, ২২টি বিভাগ, ৩টি হল, দণ্ডের প্রধানগণ, কর্মকর্তাবৃন্দ, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠনের নেতৃবৃন্দ ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ হতে উপাচার্য মহোদয়ের পুষ্পস্তবক অর্পণের পরপরই পর্যায়ক্রমে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, নীল দল বরিশাল বিশ্ববিদ্যালয়, সেক্টরস কমান্ডারস ফোরাম মুক্তিযুদ্ধ ৭১ বিভাগ, কর্মকর্তাবৃন্দ, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, ২২টি বিভাগ, ৩য় ও ৪র্থ শ্রেণি কর্মচারী কল্যান পরিষদ, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠন পুষ্পস্তবক অর্পণে অংশ নেন। পুষ্পস্তবক অর্পণ শেষে উপাচার্য মহোদয় লোকপ্রশাসন বিভাগ কর্তৃক প্রকাশিত দেয়ালিকার মোড়ক উন্মোচন করেন। এরপর দিবসটির তাৎপর্য তুলে ধরতে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বিভিন্ন শিক্ষক সমিতির সভাপতি শেরে বাংলা হলের প্রভোস্ট ফিল্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের চেয়ারম্যান মোঃ ইব্রাহীম মোল্লা সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক। বিশেষ অতিথি ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। সভায় শিক্ষক সমিতির নেতৃবৃন্দসহ ডিন মহোদয়, বিভাগীয় প্রধানগণসহ বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। সভাটি সম্পূর্ণ করেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ভূ-তত্ত্ব ও খনি বিদ্যা বিভাগের চেয়ারম্যান আবু জাফর মিয়া। আলোচনা সভায় বক্তরা মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রেক্ষাপট ও তাৎপর্য তুলে ধরেন। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, অমর ২১ শে ফেব্রুয়ারির মত সব সময়ই বাংলা ভাষাকে গুরুত্ব দিতে হবে এবং সর্বক্ষেত্রে বাংলার প্রাধান্য নিশ্চিত করতে হবে। পাশাপাশি বাংলা শব্দের সংক্ষিপ্তকরণ চর্চাকে বাদ দিতে হবে এবং শুন্দ বাংলা ভাষা চর্চার উপর জোর দিতে হবে। এই হোক ভাষা দিবসের অঙ্গীকার।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রঞ্জি
উপ-পরিচালক (চ.দা.)
জনসংযোগ অফিস